



পবিত্র ঈদে মিলাদুন্নবী উপলক্ষে চট্টগ্রামে শুরু ৫৫তম জশনে জুলুস



ছবি: সংগৃহীত

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে চট্টগ্রামে শুরু হয়েছে ৫৫তম জশনে জুলুস। বুধবার (২৬ আগস্ট) সকাল সাড়ে ৯টার দিকে নগরের ষোলশহর জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসার পাশে আলমগীর খানকাহ-এ কাদেদিয়া সৈয়দিয়া তৈয়বিয়া থেকে জুলুসটি বের হয়। দরবারে আলিয়া কাদেদিয়া সিরিকোটের সাজ্জাদনশীন পীর আল্লামা সৈয়দ মুহাম্মদ সাবির শাহর নেতৃত্বে আয়োজিত এ জুলুসে চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থান থেকে আসা হাজারো মানুষ অংশ নিয়েছেন। জুলুস শুরু হওয়ার পর ‘এয়া নবী সালাম আলাইকা’ ধ্বনিতে মুখর হয়ে ওঠে নগরের বিভিন্ন সড়ক। জুলুসে আল্লামা সাবির শাহর সঙ্গে অতিথি হিসেবে অংশ নিয়েছেন সৈয়দ মুহাম্মদ কাশেম শাহ ও সৈয়দ মুহাম্মদ আকিব শাহ। ষোলশহর থেকে বের হয়ে জুলুসটি মুরাদপুর, ষোলশহর দুই নম্বর গেট, জিইসি মোড়, ওয়াসা ও লালখানবাজার হয়ে টাইগারপাসের দিকে যাচ্ছে। পরে একই পথে ফিরে জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসার পাশের জুলুস ময়দানে গিয়ে জমায়েত হওয়ার কথা রয়েছে। সেখানে জোহরের নামাজ শেষে দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত হবে।